গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অধ্যক্ষের কার্যালয়**

রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫.৯৮০৫ | তারিখঃ ০৫ ভাদ্র ১৪৩২ ব: / ২০ আগস্ট ২০২৫ খ্রি.

**২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি**

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ১৭/০৮/২০২৫ থেকে ২৭/০৮/২০২৫ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট *http://app11.nu.edu.bd/* প্রবেশ করে চূড়ান্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক ০২(দুই) কপি A4 (৮.৫´×১১´) সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নেয়ার পর রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে *https://rc.gov.bd/admission-formfillup/* লিংকে প্রবেশের পর ***Masters Final Admission*** বাটন ক্লিক করে ভর্তির নির্দেশনা ও নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজে ভর্তির বিষয়ে কলেজ ওয়েবসাইটে অনলাইন ভর্তির নির্দেশিকা থেকে বিস্তারিত তথ্য জানা যাবে।

১। **ভর্তির সময়সূচি ও স্থান :**

| তারিখ | বিষয়ের নাম | সময় | স্থান |
|---|---|---|---|
| ২৪/০৮/২০২৫ থেকে ২৭/০৮/২০২৫ পর্যন্ত | সকল বিষয় | সকাল ১০ টা থেকে বেলা ২ টা পর্যন্ত | স্ব স্ব বিভাগ |

**বি:দ্র: রিলিজ স্লীপের মেধায় স্থানপ্রাপ্ত সকল শিক্ষার্থীকে কলেজ ওয়েবসাইটে ভর্তির নির্দিষ্ট *Masters Final Admission* link এ প্রবেশ করে ভর্তি সংক্রান্ত সকল তথ্য পুরণ করার পর ভর্তি ফি নির্ধারিত নিয়ম অনুযায়ী প্রদান করতে হবে।**

২। **ভর্তির নিয়মাবলী ও ফিস জমাদান:**

(ক) শিক্ষার্থীরা সরাসরি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Masters* লিংকে প্রবেশ করে অথবা কলেজ ওয়েবসাইটের (*https://rc.gov.bd/admission-formfillup/*)-এ প্রবেশ করে ***Masters Final Admission*** বাটন চাপার পর জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত রোল নম্বর দিয়ে ***Next*** চাপলে ভর্তির ফরম উন্মুক্ত হবে। ফরমটি যথাযথভাবে ফরম পূরণ করে Submit বাটন চাপলে পেমেন্ট অপশন আসবে এবং ফি'এর পরিমান দেখাবে। উক্ত ফি'এর টাকা ডাচবাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং পদ্ধতির নিম্নে প্রদত্ব নির্দেশনা মোতাবেক আগামী ২৪/০৮/২০২৫ থেকে ২৭/০৮/২০২৫ তারিখের মধ্যে জমা দিতে হবে। কলেজ ওয়েবসাইট-এর নোটিশ কর্নার হতে অথবা ভর্তি বাটনের নিচে প্রদত্ব ফি'এর বাটন চেপে ফি'র পরিমাণ জানা যাবে।

**DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:**

| নিজ একাউন্ট ব্যবহারের জন্য | অন্যের একাউন্ট ব্যবহারের জন্য |
|---|---|
| ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান। | ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান। |
| খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন। | খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন। |
| গ) 1 (One) নং Self সিলেক্ট করুন। | গ) 2 (Two) নং Others সিলেক্ট করুন এবং Payer's Mobile number দিন (শিক্ষার্থীর মোবাইল নম্বর)। |
| ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন। | ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন। |
| ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন। | ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন। |
| চ) Bill No-এ আপনার **Admission roll** দিন। | চ) Bill No-এ আপনার **Admission roll** দিন। |
| ছ) নির্ধারিত টাকার পরিমাণ লিখুন। | ছ) নির্ধারিত টাকার পরিমাণ লিখুন। |
| জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন। | জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন। |
| ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে। | ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে। |

**** রকেট app পদ্ধতিতে (Bill Pay) কিছুটা ভিন্নতা আছে। তবে তা ছাত্র-ছাত্রীর ব্যবহারের জন্য অনেক সহজ।**

(খ) যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে আবেদন করেছে তাদের ফরম উন্মুক্ত না হয়ে সরাসরি পেমেন্ট অপশন আসতে পারে। যদি আসে তবে তাদের ভর্তির বিষয় সম্পর্কে নিশ্চিত হয়ে পেমেন্ট করলেই হবে। নতুন করে ফরম পূরণের দরকার হবে না।

(গ) যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে অন্য বিষয়ে ভর্তি হয়ে আছে তারা ভর্তি কমিটির নিকট আবেদন জানালে বিভাগ পরিবর্তনের মাধ্যমে তাদের বিষয় পরিবর্তন করে দেয়া হবে। অতিরিক্ত ফি পরিশোধের প্রয়োজন হলে বিভাগে তা পরিশোধ করতে হবে।

৩। ডাচবাংলা মোবাইল ব্যাংকিং পদ্ধতিতে **Admission Roll** এর বিপরীতে পেমেন্ট করলেই ভর্তি হয়ে যাবে। http://180.211.183.206/EasyCollegeMate/public/Admission/Masters লিংকে গিয়ে **Admission roll** দিয়ে **Next** বাটন ক্লিক করলে ডাউনলোড লিংকসহ ভর্তির তথ্য উন্মুক্ত হবে এবং সেখান থেকে **Confirmation Slip** ও **Student Admission Form** ডাউনলোড করতে হবে।

৪। **অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা:**

(ক) এস.এস.সি/সমমান, এইচ.এস.সি/সমমান, স্নাতক(পাস)/সম্মান পাশের নম্বরপত্রের ফটোকপি।
(খ) স্নাতক(পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি-১ কপি করে।
(গ) আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করে সদ্য তোলা পাসপোর্ট আকারের ১ কপি রঙিন ছবি সংযুক্ত করে জমা দিতে হবে।
(ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
(ঙ) ভর্তির আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ ফেরত দিবে।
(চ) শিক্ষার্থীরা প্রয়োজনে www.rc.edu.bd/www.rc.gov.bd ওয়েবসাইটে online admission Login অপশনে প্রবেশ করে রেফারেন্স ID এবং নিজস্ব পাসওয়ার্ড ব্যবহার পূর্বক Confirmation Slip ডাউনলোড ও প্রিন্ট করে তা আবেদনপত্রের সঙ্গে বিভাগে জমা দিতে পারে।

৫। ভর্তির সময় অবশ্যই বিভাগীয় প্রধানকে সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। অসম্পূর্ণ/ভুল/মিথ্যা তথ্য সম্বলিত/প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া ভর্তি বাতিল বলে গণ্য হবে।

**বি:দ্র: কোন শিক্ষার্থী একই সাথে ও সময়ে/শিক্ষাবর্ষে একই/বিভিন্ন শ্রেণিতে/ভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন ও পরীক্ষায় অংশগ্রহণ করলে তার ক্ষেত্রে ভর্তি ও পরীক্ষার ফলাফল (যদি থাকে) দ্বৈত ভর্তিজনিত কারণে বাতিল বলে গণ্য হবে।**

স্বাঃ
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫. ১৬০৫ (২৮)

তারিখঃ ০৫ ভাদ্র ১৪৩২ ব:
২০ আগস্ট ২০২৫ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১. উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
২. বিভাগীয় প্রধান সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী। অনলাইনে নিশ্চয়নের লক্ষ্যে ভর্তিকৃত শিক্ষার্থীদের ভর্তির আবেদন ফরমসহ ০১ (এক) প্রস্থ তালিকা আগামী ২৮/০৮/২০২৫ তারিখ বেলা ২:০০ টায় কলেজ প্রশাসন ভবনের সভাকক্ষে জমাদানের জন্য সকল বিভাগীয় প্রধানকে বিশেষভাবে অনুরোধ করা হলো। **ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং শূন্য আসনের তালিকা ২৮/০৮/২০২৫ তারিখ বেলা ২:০০ টার মধ্যে ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে;**
৩. আহ্বায়ক, মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি কমিটি ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
৪. ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, নিউমার্কেট, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিমিটেড, অলকার মোড়, রাজশাহী;
৫. ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;
৬. পরীক্ষা শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী;
৭. সংরক্ষণ নথি।

20/08/2025
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী
20/08/2025